

স্মারক নং-০৫.৬৫৫.০১৮.০০.১৬.০৩৩.২০১৮-১৩০০

তারিখ : ০৬/১১/২০১৮ খ্রিস্টাব্দ।

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬. ০৪৬. ০১১. ০০.০০.০০২.২০০৯.৬০৩ তারিখ ১৫ নভেম্বর, ২০১১ খ্রিস্টাব্দ ছাড়পত্রাদেশ ও স্মারক নং-৪৬.০৪৬.০১১.০০.০০.১৬.২০১৬-১০৩৬ তারিখ ১৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ এবং উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ (এসআর ও নং-৩৮৭-আইন/২০১০) মোতাবেক যশোর জেলার মণিরামপুর উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে সৃজিত নিম্ন বর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম	পদের সংখ্যা	নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	জাতীয় বেতন স্কেল/২০১৫
১	গাড়ি চালক	০১	১। অষ্টম শ্রেণী পাশ। ২। হালকা গাড়ী চালনার বৈধ লাইসেন্স থাকতে হবে।	৯৩০০-২২৪৯০/- (গ্রেড নং-১৬)

#### শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- প্রার্থী বাংলাদেশী নাগরিক নহেন এমন কাউকে বিবাহ করলে অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হলে আবেদনের অযোগ্য হবেন।
- আবেদনপত্রে আবেদনকারীর (ক) পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) ০১-১১-২০১৮ খ্রিস্টাব্দ তারিখের বয়স (ছ) জন্ম তারিখ (জ) ধর্ম (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে (ড) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর উল্লেখ পূর্বক উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর বরাবর স্বহস্তে আবেদন লিখতে হবে। আবেদনপত্র আগামী ৩০-১১-২০১৮ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর কার্যালয়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্দিষ্ট তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০১-১১-২০১৮ খ্রিস্টাব্দ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও নাতী/নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটে, জাতীয় পরিচয়পত্রে ও জন্ম সনদে জন্ম তারিখ একই তারিখ হতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত পত্রাদি সংযুক্ত করতে হবে :  
(ক) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের কপি (খ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রজিন ছবি (গ) জাতীয় পরিচয়পত্র এবং জন্ম সনদ (ঘ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক নাগরিকত্ব সনদপত্র (চ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদের কপি (ছ) এতিম প্রতিবন্ধী, উপজাতীয়, আনসার ও ডিডিপি কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র। (জ) হালকা গাড়ী চালানোর বৈধ লাইসেন্স এর কপি। (ঝ) আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর বরাবর যে কোন তফসিলি ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি। (ঞ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি। (ট) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাকটিকেটযুক্ত ৪.৫ ইঞ্চি X ১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সিল ব্যবহার করতে হবে।
- খামের উপরে স্পষ্টাক্ষরে প্রার্থীর পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।
- শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- সরকারি কর্মচারী নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিধিবিধান ও আইনকানুন অনুসরণ করা হবে।
- চাকুরীরত প্রার্থীকে স্থায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে প্রথম ০৬(ছয়) মাস শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র এবং এ নিয়োগ আদেশ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(মো: আহসান উল্লাহ শরিফী)  
উপজেলা নির্বাহী অফিসার  
মণিরামপুর, যশোর  
ও  
আহবায়ক  
বাছাই কমিটি।